

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৪২

১১/ জানাযা (کتاب صلاة الجنائز) পরিচ্ছেদঃ ১১/১০. অধিক আর্তনাদ করা।

التشديد في النياحة

## আরবী

حديث أُمِّ عَطِيَّة، قَالَتْ: بَايَعْنَا رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَرَأَ عَلَيْنَا (أَنْ لاَ يُشْرِكْنَ بِاللهِ شَيْئًا) وَنَهَانَا عَنِ النِّيَاحَةِ، فَقَبَضَتِ امْرَأَةٌ يَدَهَا، فَقَالَتْ: أَسْعَدَتْنِي فُلاَنَةُ أُرِيدُ أَنْ أَجْزِيهَا، فَمَا قَالَ لَهَا النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا، فَانْطَلَقَتْ وَرَجَعَتْ فَبَايَعَهَا

## বাংলা

৫৪২. উম্মু 'আতিয়্যাহ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বায়'আত গ্রহণ করেছি। এরপর তিনি আমাদের সামনে পাঠ করলেন, 'তারা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক স্থির করবে না।' এরপর তিনি আমাদেরকে মৃত ব্যক্তির জন্য বিলাপ করে কাঁদতে নিষেধ করলেন। এ সময় এক মহিলা তার হাত টেনে নিয়ে বলল, অমুক মহিলা আমাকে বিলাপে সহযোগিতা করেছে, আমি তাকে এর বিনিময় দিতে ইচ্ছে করেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কিছুই বলেননি। এরপর মহিলাটি উঠে চলে গেল এবং পুনরায় ফিরে আসলো, তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বায়'আত করলেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ৬০, হাঃ ৪৮৯২; মুসলিম, পর্ব ১১ জানাযা, অধ্যায় ১০, হাঃ ৯৩৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্ম আতিয়্যাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন